গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
www.molwa.gov.bd

# বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জুলাই গণঅভ্যুত্থানের জুলাই যোদ্ধাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জুলাই যোদ্ধাদের জন্য নির্ধারিত মাসিক সম্মানি ভাতা তাঁদের যাচাইকৃত স্ব স্ব ব্যাংক হিসাবে প্রেরণ কার্যক্রম শুরু হয়েছে। যাদের ব্যাংক হিসাবের তথ্য পাওয়া গিয়েছে ইতোমধ্যে তাঁদের ব্যাংক হিসাবে এককালীন অনুদান এবং জুলাই ২০২৫ মাসের সম্মানি ভাতা প্রদান করা হয়েছে। যে সকল জুলাই যোদ্ধার ব্যাংক হিসাবের তথ্য পাওয়া যায়নি তাঁদের অনুকূলে এককালীন অনুদান ও সম্মানি ভাতা প্রদান করা সম্ভব হয়নি। ইতোমধ্যে যাদের ব্যাংক হিসাবে এককালীন অনুদান ও মাসিক ভাতা প্রেরণ করা হয়েছে তাঁদের নামের তালিকা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের তথ্য বাতায়নের "জুলাই শহিদ ও জুলাই যোদ্ধা ভাতা" সেবাবক্সে প্রকাশিত আছে। যারা এখনো তাঁদের ব্যাংক হিসাবের তথ্য প্রেরণ করেননি এবং যাদের ব্যাংক হিসেবে এখনো মাসিক সম্মানি ভাতার টাকা জমা হয়নি, তাঁদেরকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd) এর "জুলাই শহিদ ও জুলাই যোদ্ধা ভাতা" সেবাবক্সে প্রকাশিত গুগল (Google) ফরম এ তথ্য পূরণ করে অনলাইনে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। দাখিলকৃত তথ্যের প্রমাণকের হার্ডকপি (এনআইডি/জন্ম নিবন্ধন, ব্যাংক স্টেটমেন্ট বা চেক বইয়ের পাতার কপি রাউটিং নম্বরসহ, গেজেট নম্বর, মেডিকেল কেস আইডি) আবশ্যিকভাবে আগামী ২১/৮/২০২৫ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে "জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তর" সরকারি পরিবহন পুলভবন, সচিবালয় সংযোগ সড়ক, কক্ষ নম্বর-১০১৪ এ সরাসরি দাখিল করতে হবে। উল্লেখ্য, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd) এর "জুলাই শহিদ ও জুলাই যোদ্ধা ভাতা" সেবাবক্সে প্রকাশিত গুগল ফরমটি ২০/০৮/২০২৫ তারিখ রাত ১১:৫৯:৫৯ পর্যন্ত খোলা থাকবে।

০৭।০৮।২০২৫


মোঃ জহিরুল ইসলাম
উপসচিব
ফোন: ৪১০৫৪১০৩ (অফিস)
ইমেইল: dsjmu@molwa.gov.bd



CamScanner
CamScanner
CamScanner
Scanned with CamScanner